দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

**কবিতা / গল্প**

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 15 SEPTEMBER 2025 ,MONDAY | ১৫ সেপ্টেম্বর ২০২৫ ,সোমবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-394

## অসম বাংলা সীমানায় উদ্ধার কোচবিহার থেকে চুরি যাওয়া ট্রাক, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৪ সেপ্টেম্বর : কোচবিহার জেলা পুলিশের কোতোয়ালি থানার পুলিশ শনিবার রাতে অসম বাংলা সীমানার আগমনী এলাকা থেকে উদ্ধার করে কোচবিহার এর টাপুরহাট থেকে চুরি যাওয়া একটি ট্রাক। চুরির অভিযোগে গ্রেপ্তার করা হয় দুই যুবককে। রবিবার কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য সাংবাদিক সম্মেলন করে জানান শুক্রবার রাতে থানা এলাকার টাপুরহাট থেকে একটি ট্রাক চোরেরা চুরি করে নিয়ে যায়। ট্রাকটি মালিকের বাড়ির সামনে দাঁড় করানো ছিলো। ট্রাক মালিক থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ তদন্তে নামে এবং জি পি এস ট্র্যাক করে জানতে পারে ট্রাকটি রয়েছে অসম বাংলা সীমানার আগমনী এলাকায়। পুলিশ আগমনী এলাকায় অভিযান চালিয়ে ট্রাকটি উদ্ধার করে এবং চুরির অভিযোগে দুজনকে গ্রেপ্তার করে কোচবিহার নিয়ে আসে। ধৃতদের নাম আল ফারুক (২৭) অসমের কোকরাঝার জেলার ফকিরাগ্রামের বাসিন্দা এবং শাজাহাল শেখ (২৬) অসমের ধুবড়ি জেলার বাসিন্দা। পুলিশ সুপার আরও জানান ধৃতরা জেরায় স্বীকার করেছে তারা কোতোয়ালি থানা ও অন্যান্য এলাকা থেকে আরও এরকম গাড়ি চুরি করেছে। তাদের কথার সূত্র ধরে আগের চুরি যাওয়া গাড়ি গুলি উদ্ধারের চেষ্টা চালাচ্ছে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহন করা হয়েছে।

## উত্তর পূর্ব ভারতে প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে ব্যপক যানজট অসম বাংলা সীমানায়



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৪ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রীর উত্তর পূর্ব ভারত সফরকে কেন্দ্র করে ব্যপক যানজট অসম বাংলা সীমানায়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একাধিক কর্মসূচি নিয়ে উত্তর পূর্ব ভারতের অসম সহ কয়েকটি রাজ্যে সফরে গিয়েছেন। এই সফরকে কেন্দ্র করে অসম পুলিশ কোনো যানবাহনকে অসম রাজ্যে প্রবেশ করতে দিচ্ছেনা। এর ফলে অসম বাংলা সীমানায় সাতাশ নম্বর জাতীয় সড়কের পশ্চিমবঙ্গের পাখড়িগুড়ি এলাকা থেকে শুরু হয়েছে যান জট। জাতীয় সড়কে কুড়ি পঁচিশ কিলোমিটার পর্যন্ত লাইন দিয়ে দাঁড়িয়ে আছে জাতীয় সড়কে চলাচলকারী পণ্যবাহী ট্রাক থেকে শুরু করে বিভিন্ন যাত্রীবাহী যানবাহন। যানজটে আটকে পড়া একটি ছোট চারচাকার চালক ও যাত্রী জানান তারা বসিরহাট থেকে এসেছেন। এই পরিস্থিতিতে জাতীয় সড়কে আটকে পড়ে প্রচন্ড সমস্যায় পড়েছেন তারা রাত কাটাতে হবে গাড়িতে বসে বসে খাবারের ব্যবস্থা নেই আশেপাশে। এক পণ্যবাহী ট্রাকের চালক জানান তিনি এসেছেন বিহার থেকে। তারা গাড়ী নিয়ে এমন জায়গায় ফেসেছেন সেখানে নেই শৌচালয় বা স্নানের ব্যবস্থা, কাছাকাছি নেই কোনো বাজার ফলে বিপাকে পড়েছেন তিনি ও তার মতো অনেকেই। তারা চান এই সিস্টেম বন্ধ হোক।

## যোগাযোগ বিচ্ছিন্ন আলিপুরদুয়ার-ফালাকাটার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : শনিবার রাতভর টানা বৃষ্টিতে ফালাকাটা-আলিপুরদুয়ার রুটের দুটি গুরুত্বপূর্ণ নদী-বাঁধ ভেসে যায়, ফলে রবিবার সকাল থেকে যানবাহন চলাচল সম্পূর্ণ ভাবে বন্ধ হয়ে যায়। পলাশবাড়িতে সঞ্জয় নদীর বাঁধ পুরোপুরি ভেসে গেছে, আর মেজবিলের কাছে গিরিয়া নদীর বাঁধ দুটি অংশে ভেঙে পড়েছে। এতে ফালাকাটা ও আলিপুরদুয়ারের সরাসরি যোগাযোগ ছিন্ন হয়ে যায়।এই বিপর্যয়ে চরম সমস্যায় পড়েছেন শত শত এস এস সি পরীক্ষার্থী, যাদের আলিপুরদুয়ারে এসএসসি একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষা ছিল। রাস্তা বন্ধ থাকায় অনেককে ফালাকাটা, ঘোকসাডাঙ্গা হয়ে পুণ্ডিবাড়ির দীর্ঘ ঘুরপথে যেতে বাধ্য হতে হয়েছে।ফালাকাটার পরীক্ষার্থী সঞ্জু মালাকার বলেন, "কোনও গাড়ি পাওয়া যাচ্ছিল না। পলাশবাড়ি হাই স্কুলে পৌঁছাতে আমাকে ভাঙা বাঁধের রেলিং ধরে হামাগুড়ি দিয়ে যেতে হয়েছে, নিজের প্রাণটাই যেন ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছিলাম।"

এই রাস্তায় চার লেনের মহাসড়ক নির্মাণ কাজ চলছে, যেখানে একাধিক নদীর উপর স্থায়ী সেতু তৈরি হওয়ার কথা। এখন পর্যন্ত কেবল বুড়িতোষা নদীর সেতু তৈরি হয়েছে। তবে সঞ্জয় ও গিরিয়া নদীতে হিউম পাইপ দিয়ে তৈরি অস্থায়ী বাঁধ বারবার প্রবল বর্ষণে ক্ষতিগ্রস্ত হচ্ছে।মাত্র দু'দিন আগে সঞ্জয় নদীর বাঁধে একটি বিশাল গর্ত তৈরি হয়েছিল, ফলে এক ঘণ্টারও বেশি সময় যান চলাচল বন্ধ ছিল। এবার পুরো বাঁধ নদীতে ভেসে গেছে, আর স্রোতের জল সরাসরি রাস্তার উপর দিয়ে বইছে।শিশারগুড়ি, মেজবিল, কাঙ্গালবাড়ি, পুটিমারি মোড় এবং পলাশবাড়ি সহ হাজার হাজার মানুষ এখন কার্যত আটকে রয়েছেন। স্থানীয়রা দ্রুত প্রশাসনিক উদ্যোগের অভাব নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন, যদিও জাতীয় সড়ক কর্তৃপক্ষ জানিয়েছে, জলস্রোত কমলেই মেরামতির কাজ শুরু হবে।

## নাবালিকাকে ধর্ষণ করার অভিযোগ তান্ত্রিক সহ দুজনের বিরুদ্ধে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : এক নাবালিকাকে চিকিৎসার নাম করে ধর্ষণ করা হয়েছে এমন অভিযোগেই সরগরম হয়ে উঠেছে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম থানা এলাকা। জানা গেছে নাবালিকা অসুস্থ ছিল। অসুস্থ নাবালিকাকে চিকিৎসার জন্য এক ঔষধের দোকানে নিয়ে যাওয়া হয়েছিল। চিকিৎসার জন্য অসুস্থ নাবালিকার সঙ্গে এসেছিলেন তার বাবা মা। পরবর্তীতে ঔষধ খেয়ে তার শারীরিক উন্নতি না হওয়ায় নাবালিকার বাড়িতে যায় দুজন চিকিৎসার জন্য। বাড়িতে গিয়ে নাবালিকার বাবা-মাকে বাড়ির বাইরে রেখে নাবালিকাকে ধর্ষণ করার অভিযোগ তুলেছেন নাবালিকার বাবা-মা। এমনকি অপরের ব্যক্তির নামে অপহরণের পাশাপাশি ধর্ষণের অভিযোগ উঠেছে। তিনজনের বিরুদ্ধে লিখিত অভিযোগের পরেই পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। উল্লেখ্য তিনজনের মধ্যে একজন তান্ত্রিক রয়েছেন।

# আলিপুরদুয়ারে এসএসসি পরীক্ষা হলো নির্বিঘ্নে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : নির্বিঘ্নে শেষ হলো এসএসসি পরীক্ষা আলিপুরদুয়ার জেলায়। প্রশাসনিক সূত্রে জানা গেছে একাদশ এবং দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য এই পরীক্ষা হয়েছে। শনিবার রাত থেকে মুষলধারে বৃষ্টি চলছে আলিপুরদুয়ার জেলা জুড়ে। বৃষ্টিকে উপেক্ষা করে এসএসসি পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে পৌঁছে গেছেন বেলা দশটার আগে থেকেই এমনটাই দেখা গেল রবিবার বেলা দশটা নাগাদ আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের সামনে। একাদশ এবং দ্বাদশ শ্রেণির জন্য শিক্ষক নিয়োগ এর পরীক্ষা হচ্ছে আজ এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে। কড়া নিরাপত্তা ব্যবস্থা রয়েছে আলিপুরদুয়ার জেলা শহরে প্রশাসনিক কর্তাদের। রবিবার ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য পর্যাপ্ত পরিমাণে পুলিশ রয়েছে পরীক্ষা কেন্দ্র গুলির সামনে রাজ্য সড়কে।

# মাছ ধরতে গিয়ে মৃত্যু কিশোরের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : মাছ ধরতে গিয়ে জলে ডুবে মৃত্যু হল এক কিশোরের। মৃতের নাম সুমন বর্মন। ঘটনা আলিপুরদুয়ারের মাঝেরডাবড়ি এলাকায়। রবিবার বিকেল সাড়ে চারটা নাগাদ কিশোরের মৃতদেহ ময়নাতদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। এদিন নোনাই নদীতে মাছ ধরতে গিয়েছিল ওই কিশোর।টানা বৃষ্টিতে নদীর জল বেড়ে গেছে।নদীর জলে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।স্থানীয় পঞ্চায়েত প্রহ্লাদ রায় জানিয়েছেন,স্থানীয় লোকজন তাকে জল থেকে তুলেছে। আমরা ওখানে পৌঁছে তাকে হাসপাতালে নিয়ে আসি।কিন্তু চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।ওর বাবা সামান্য কাঠমিস্ত্রি। ওই পরিবারে শোকের ছায়া নেমে এসেছে। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।

# ভয়াবহ দুর্ঘটনা বীরপাড়ায় ,রক্ষা পেল পেট্রোল পাম্প



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার , ১৪ সেপ্টেম্বর : ভুট্টা বোঝাই গাড়ির ধাক্কা তিনটি গাড়িকে। বড়সর দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল বীরপাড়ার কাছে এক পেট্রল পাম্প। জানা গিয়েছে এদিন ভোরে শিলিগুড়ি থেকে অসমের দিকে একটি ভুট্টা বোঝাই গাড়ি যাচ্ছিল। সেই গাড়িটিকে পেছন থেকে ধাক্কা দেয় একটি পাইপ বোঝাই গাড়ি। নিয়ন্ত্রণ হারিয়ে সেই ভুট্টা বোঝাই গাড়িটি পেট্রল পাম্পে দাঁড়িয়ে থাকা তিনটি গাড়িকে ধাক্কা দিয়ে উল্টে পরে যায়।এই ঘটনায় আহত হন পাইপ বোঝাই গাড়ির চালক। তাকে নিয়ে যাওয়া হয়েছে বীরপাড়া হাসপাতালে। ঘটনাস্থলে এসেছে বীরপাড়া ও ফালাকাটা থানার পুলিশ। পুলিশ দুর্ঘটনাগ্রস্থ গাড়ি গুলিকে আটক করেছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে পুলিশের পক্ষ থেকে।

# চা বাগান থেকে উদ্ধার মাটি চাপা দেওয়া এক হস্তি শাবকের দেহ, ঘটনায় চাঞ্চল্য এলাকায়



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৪ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের কার্তিকা চা বাগান থেকে রবিবার সকালে উদ্ধার হয় একটি হস্তিশাবকের মাটিচাপা দেহ। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। জানা গেছে এদিন সকালে চা বাগানের কর্মীরা হস্তি শাবকের মৃতদেহটি মাটি চাপা দেওয়া অবস্থায় দেখতে পান। তারা বাগানের ম্যানেজারকে বিষয়টি জানান। ম্যানেজার খবর দেন বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্প পূর্ব বিভাগের নর্থ রায়ডাক রেঞ্জে। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে মৃত হস্তি শাবকের দেহটি উদ্ধার করে নিয়ে যান ও ময়না তদন্তের জন্য পাঠান। তাদের ধারনা হস্তি শাবকটি দলের সাথেই ছিলো। কোনো কারনে তার মৃত্যু ঘটলে অন্য হাতিরা তাকে চা বাগানের মাঝেই মাটি চাপা দিয়ে চলে চলে যায়।বন কর্মীরা আরও জানান ময়না তদন্তের রিপোর্ট পেলেই মৃত্যুর সঠিক কারন জানা যাবে।

# বোনাস নিয়ে আন্দোলন শুরু হবে ১৮ ই সেপ্টেম্বর ,বললেন সাংসদ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত সমস্ত চা বাগানে ২০% হারে বোনাস প্রদান না করা হলে আগামী ১৮ সেপ্টেম্বর শিলিগুড়ি অতিরিক্ত শ্রম আধিকারিক কার্যালয় ঘেরাও করবে বিটিডাব্লুইউ। এদিন সাংবাদিক সম্মেলন করে একথা জানান আলিপুরদুয়ার সাংসদ ও বিটিডাব্লুইউ এর কেন্দ্রীয় কমিটি চেয়ারম্যান মনোজ টিগ্গা।এই বিষয়ে উল্লেখ্য এবছর শ্রম দফতর নোটিফিকেশন করেছে যে ১৫ সেপ্টেম্বর মধ্যে সমস্ত চা বাগান ২০% হারে চা শ্রমিকদের বোনাস প্রদান করবে। কিন্ত এখন পর্যন্ত অধিকাংশ চা বাগানে বোনাস প্রদান করা হয়নি।এদিন বীরপাড়াতে বিটিডাব্লুইউ কেন্দ্রীয় কমিটি বৈঠক হয়। এদিনে বৈঠক শেষে মনোজ টিগ্গা জানান ১৫ সেপ্টেম্বর পর্যন্ত যে সমস্ত চা বাগানে বোনাস হবেনা সেসমস্ত চা বাগানের শ্রমিকদের নিয়ে আমরা অতিরিক্ত শ্রম আধিকারিক কার্যালয় ঘেরাও করব।

# পথ দুর্ঘটনায় মৃত এক আহত দুজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : পথ দুর্ঘটনায় মৃত এক আহত দুজন। ঘটনাটি ঘটেছে রবিবার রাতে কালচিনি রেল স্টেশন সংলগ্ন এলাকায়। এদিন তিনজন বাইকে চেপে হ্যামিল্টনগঞ্জ থেকে গারোপাড়া যাচ্ছিল। কালচিনি রেল স্টেশন সংলগ্ন এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের ধারে ছিটকে পরে। এই ঘটনায় একজন মহিলা সহ দুজন যুবক গুরুতর আহত হন। স্থানীয়রা তিনজনকে উদ্ধার করে লতাবাড়ি হাসপাতাল নিয়ে যায়। তিন জনের মধ্যে একজন যুবক জোসেফ ওরাওকে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে। অপর দুজন হাসপাতালে চিকিৎসাধীন। পুলিশ দুর্ঘটনা গ্রস্থ গাড়িটিকে আটক করেছে । দুর্ঘটনার তদন্ত শুরু করে একটি মামলা শুরু করেছে পুলিশ।

# ১৬ ই সেপ্টেম্বর থেকে খুলছে জঙ্গল ,চলবে জঙ্গল সাফারি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : আগামী ১৬ সেপ্টেম্বর থেকে পর্যটকদের জন্য খুলে যাচ্ছে জঙ্গল তিন মাস বন্ধ থাকার পর পুনরায় জঙ্গল খুলে যাচ্ছে। এবছর পর্যটকদের সুবিধা ও সুরক্ষা কথায় মাথায় রেখে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে জলদাপাড়া বনবিভাগ। এদিন মাদারিহাট এন আই সি তে সাফারি চালক ও গাইডদের নিয়ে বৈঠক করে বনবিভাগের কর্তারা।জলদাপাড়া অতিরিক্ত বন্যপ্রাণ আধিকারিক নবীকান্ত ঝা জানান বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে জঙ্গলে যেখানে ওয়াচ টাওয়ার আছে সেখানে ফেনসিং দেওয়া হয়েছে পর্যটকদের সুবিধা জন্য। এছাড়া হলং এ পার্কিং জোন করা হয়েছে। পর্যটকদের সুবিধা জন্য সাইনবোর্ড লাগানো হয়েছে এছাড়া আরো কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে।

# বড় সাফল্য পেল বীরপাড়া থানার পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : চোরাই মাল উদ্ধার করল বীরপাড়া থানার পুলিশ। এমনটাই জানিয়েছেন বীরপাড়া থানার ওসি নয়ন দাস রবিবার রাত পৌনে নয়টা নাগাদ। গ্রেফতার করা হয়েছে দুজনকে। গত আগস্ট মাসের ২ তারিখ রাতে বীরপাড়া হাসপাতাল সংলগ্ন এলাকায় স্বনির্ভর গোষ্ঠীর একটি অফিস থেকে বেশ কিছু সরঞ্জাম চুরি হয়ে যায়। এরপরেই বিষয়টি নিয়ে অভিযোগ দায়ের হয় পুলিশের কাছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করে একজনকে গ্রেফতার করে। তাকে জিজ্ঞাসাবাদ করে উদ্ধার করা হয়েছে চুরি হয়ে যাওয়া জিনিসগুলি। তদন্তকারী অফিসার নঈম আলীকে গ্রেফতার করে পুলিশ হেফাজতে নিয়ে আসে। তাকে জিজ্ঞাসাবাদ করেই মকসেদুল মিয়াকে গ্রেপ্তার করে বানারহাট থানার হিন্দু পাড়া এলাকা থেকে। বীরপাড়া থানার ওসি নয়ন দাস জানিয়েছেন তাদের সঙ্গে আরও অন্য কেউ জড়িত আছে কিনা তাই নিয়ে তাদের জিজ্ঞাসাবাদ শুরু হয়েছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |